

# "সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ" এর নতুন উদ্যোগ 'পার্টিশন' লেকচার সিরিজ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত "ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র" বিগত চার বছর ধরে বাংলার পার্টিশন ও এই বিষয়ক সাহিত্য নিয়ে কাজ করে চলেছে। বর্তমানে বাংলাদেশের খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ডিসিপ্লিনের সঙ্গে যৌথভাবে একটি গবেষণা প্রকল্পের কাজ চলছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য পার্টিশন ও মুক্তিযুদ্ধের বিভিন্ন মানবিক দিকগুলি সম্পর্কে অনুসন্ধান করা এবং বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলার পার্টিশন বিষয়ক আলোচনার পরিসর প্রস্তুত করা। প্রায় ৫০ জন গবেষক বিভিন্ন পর্যায়ে এই গবেষণা প্রকল্পে কাজ করছেন। প্রকল্পটি একটি ডিজিটাল আর্কাইভ এর মাধ্যমে জনপরিসরে তার সংগৃহীত উপাদান তুলে ধরবে। এই গবেষণা প্রকল্পটি একটি পিপলস রিসার্চ প্রজেক্ট হিসেবে পরিকল্পিত। "ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের ওয়েবসাইটে এই প্রকল্পের বিস্তারিত প্রতিনিয়ত জানানো হচ্ছে।

অতি সম্প্রতি "ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র" এই বিশেষ গবেষণা প্রকল্পটির মূল বিষয় টিকে সামনে রেখে "পার্টিশন লেকচার সিরিজ" আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। প্রতিমাসে একটি করে বক্তৃতার আয়োজন করা হবে। বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই বক্তৃতার জন্য বক্তারা আমন্ত্রিত হবেন। বক্তৃতাগুলির ভিডিও প্রতিক্রম সেন্টারের ওয়েবপেজে দেওয়া হবে। মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত বিদ্যায়তনিক পরিসরের চারিত্র অনুযায়ী সমাজের সর্বস্তরের আগ্রহী মানুষজনকে এই আলোচনায় আমন্ত্রণ জানানো হচ্ছে। আমন্ত্রিত বক্তাদের ক্ষেত্রেও এই অভিনব বক্তৃতামালা বহুবিধ দৃষ্টিকোণ থেকে পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোচনাকে প্রতীকর্মান করে তোলার সুযোগ এনে দেবে বলেই আমাদের বিশ্বাস।

এই বক্তৃতামালার প্রথম বক্তৃতাটি দেবেন ড শর্মিষ্ঠা শ্রীবাস্তব, এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ, আলিয়া বিশ্ববিদ্যালয়। বক্তৃতাটি ২৩শে জুন, ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের সল্টলেকস্থিত ভবনের বোর্ডরুমে বেলা ২.৩০মিনিটে অনুষ্ঠিত হবে।

বক্তৃতার শিরোনাম: "**Listening to unknown voices from the past: Women and their engagement with Partition**"

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের "ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র" এই পার্টিশন লেকচার সিরিজের যথাযথ প্রচার প্রত্যাশা করে।

ধন্যবাদান্তে

মননকুমার মণ্ডল

কোঅর্ডিনেটর, "ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র"

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়